

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়  
১৫, কলেজ রোড, ঢাকা ১০০০।

নং-১০.০৩.০০০০.০০১.১১.০১২.১৬.২৪৭

তারিখঃ- ০৯.০৫.২০২৩ খ্রিঃ


**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণার্থে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা
১.	কম্পিউটার অপারেটর	০২টি	১১,০০০-২৬,৫৯০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
২.	ক্যাশিয়ার	০১টি	১০,২০০-২৪,৬৮০/-	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
৩.	অফিস সহায়ক	০১টি	৮,২৫০-২০,০১০/-	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**শর্তাবলী :**

- ১। “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা ১০০০” বরাবর আগামী ২১.০৫.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত দরখাস্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।
- ২। আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে জারিকৃত চাকরির জন্য নির্ধারিত ফর্মে আবেদনপত্র নিজ হাতে পূরণ করে স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। আবেদন ফরমের নমুনা কমিশন সচিবালয়ের ওয়েবসাইট [www.bjsc.gov.bd](http://www.bjsc.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) তে পাওয়া যাবে।
- ৩। কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য মূল সনদ বা প্রমাণপত্র ও এর ০১ সেট অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়কারী কর্মকর্তার নাম, পদবিসহ সীল থাকতে হবে।
- ৪। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ২২.০৯.২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারকে জারিকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে দরখাস্তকারীর বয়স সর্বোচ্চ ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৫। সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। দরখাস্তের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ইস্যুকৃত “সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন” বরাবর ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।
- ৭। চাকরির প্রার্থীদের দরখাস্ত বিভাগীয় কর্তৃপক্ষের মাধ্যমে চাকরির বর্তমান পদ ও প্রতিষ্ঠানের উল্লেখপূর্বক অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। এক্ষেত্রে কোন অস্থায়ী কপি গ্রহণযোগ্য হবেনা।
- ৮। বিধি মোতাবেক সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- ৯। খামের উপর পদের নাম, কোটার ক্ষেত্রে কোটার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ১০। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষের ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় আহ্বানের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। কোন তথ্য গোপন করে বা জালিয়াতির আশ্রয় নিয়ে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোন সময় উক্ত বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
০৯. ০৫. ২০২৩  
উপসচিব

৩

সভাপতি, বাছাই কমিটি

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়।